অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/9/2022 **গভর্নর ক্যাথি হোকল**

9/11 এর ভুক্তভোগী, প্রথম সাড়াদানকারী, এবং তাদের প্রিয়জনদের সহায়তা করার জন্য গভর্নর হোকলের আইন স্বাক্ষর

এই আইন (S.6810/A.7425) ভুক্তভোগীদের ক্ষতিপূরণ তহবিলের অনুদান প্রদানের জন্য বিকল্প পদ্ধতি প্রতিষ্ঠা করছে

এই আইন (S.6812/A.7426) ভুক্তভোগীদের ক্ষতিপূরণ তহবিলের অনুদানের জন্য আঘাতপ্রাপ্তির দাবিগুলো মৃত্যুর দাবিগুলোর মতো সমানভাবে প্রক্রিয়া করা আবশ্যক করছে

এই আইন (S.9370/A.9922A) ওয়ার্ল্ড ট্রেড সেন্টারে যারা উদ্ধার, পুনরুদ্ধার ও পরিষ্কারকরণ কার্যক্রমে অংশ নিয়েছেন তাদের জন্য যেকোনো স্বাস্থ্য সংক্রান্ত ক্ষতি বা মৃত্যুর জন্য কর্মীদের ক্ষতিপূরণের দাবির সুযোগ প্রদান করছে

এই আইন (S.9294A/A.10416) ওয়ার্ল্ড ট্রেড সেন্টারের উপযুক্ত কোন শর্তের জন্য অক্ষমতার দাবি জমা দেওয়ার সময়সীমা বর্ধিত করছে

এই আইন (S.8273/A.7057-B) স্টেট হাইওয়ে সিস্টেমের অংশবিশেষকে "পোর্ট অথরিটি পুলিশ অফিসার জেমস ডব্লিউ. কেনেলি মেমোরিয়াল হাইওয়ে" হিসেবে ঘোষণা করছে

এসব বিলে গভর্নর হোকলের স্বাক্ষর করার ছবিগুলো এখানে পাওয়া যাবে

9/11 এর 21তম বার্ষিকীর আগেই, গভর্নর ক্যাথি হোকল আজ 9/11 এর ভুক্তভোগী ও বেঁচে ফিরে আসা ব্যক্তি এবং তাদের পরিবারগুলোকে সহায়তা প্রদানের জন্য পাঁচটি আইন স্বাক্ষর করেছেন। এই সহায়তা ভুক্তভোগীদের ক্ষতিপূরণ তহবিল এবং কর্মীদের ক্ষতিপূরণের দাবিগুলোর প্রতিবন্ধকতা ও বিলম্বগুলো দূর করতে সাহায্য করবে। সেইসাথে, অনুসন্ধান, উদ্ধার ও পুনরুদ্ধার প্রচেষ্টায় সহায়তাকারী একজন স্বেচ্ছাসেবক দমকল কর্মী, জেমস কেনেলির সম্মানে একটি হাইওয়ের নামকরণ করা হবে। এসব বিলে গভর্নর হোকলের স্বাক্ষর করার ছবিগুলো এখানে পাওয়া যাবে।

"নিউ ইয়র্কবাসীরা 11 সেপ্টেম্বর, 2001 তারিখের ভয়ঙ্কর ঘটনার কথা কখনো ভুলবে না - এবং আমরা বেসামরিক নাগরিক এবং প্রথম সাড়াদানকারীদের সাহসিকতা ও ত্যাগের কথা কখনো ভুলবো না যাদের জীবন সেদিন চিরজীবনের মতো বদলে গিয়েছিল," **বলেছেন গভর্নর হোকল।** "ওয়ার্ল্ড ট্রেড সেন্টার, পেন্টাগন ও পেনসেলভেনিয়াতে সন্ত্রাসী হামলার ঘটনার একুশতম বছরে পদার্পণের এই সময়ে, আমি এই পাঁচটি আইন স্বাক্ষর করতে পেরে সম্মানিত বোধ করছি যা সেই ভয়ঙ্কর দিনটিতে যাদের জীবন পাল্টে গিয়েছিল তাদেরকে সহায়তা করবে এবং তাদের প্রতি সম্মান জানাবে।"

এই আইন (S.6810/A.7425) ভুক্তভোগীদের ক্ষতিপূরণ তহবিলের অনুদান প্রদানের জন্য একটি সরলীকৃত বিকল্প পদ্ধতি প্রতিষ্ঠা করছে, যার মধ্যে এককভাবে শুধু অ-আর্থিক লোকসানগুলো যেমন মানসিক ক্ষতি অন্তর্ভুক্ত করা হবে। VCF আর্থিক লোকসান এবং অ-আর্থিক লোকসানের মধ্যে অনুদান বরাদ্দ করার অত্যন্ত বিস্তারিত ব্রেকডাউন ইস্যু করবে।

বর্তমানে, নিউ ইয়র্কের অপমৃত্যু আইনের আওতায় VCF-এর ইস্যু করা কোনো অনুদানকে কোনো মৃতব্যক্তির মৃত্যুর কারণ হওয়া কোনো অসৎ কাজ, অবহেলা বা বিচ্যুতির বিরুদ্ধে গৃহীত পদক্ষেপের মতো একই হিসেবে বিবেচনা করা হয়। VCF কর্তৃক অনুদান ইস্যু করার পরে, ব্যক্তিগত প্রতিনিধিকে অবশ্যই অনুদান মীমাংসা, সংগ্রহ, ও বিতরণের অনুমতি প্রদানকারী একটি আদালতের আদেশ সংগ্রহের জন্য সারোগেট আদালতে আবেদন করতে হবে। সারোগেট আদালত অনুদানের পর্যাপ্ততা নিশ্চিত করা এবং সংশ্লিষ্ট পক্ষগুলোকে যথাযথভাবে তহবিল বরাদ্দ করার জন্য দায়িত্বপ্রাপ্ত।

স্টেট সিনেটর অ্যান্ড্রু গোউনারডেজ বলেন, "নিউ ইয়র্কবাসী হিসেবে, আমরা ওয়ার্ল্ড ট্রেড সেন্টারে উদ্ধার, পুনরুদ্ধার, ও পরিষ্কার কার্যক্রমে সহায়তা করার জন্য যারা সবকিছু হারানোর ঝুঁকি নিয়েছিলেন সেসব সাড়াদানকারীদের কাছে এমন এক ঋণের দায়ে আবদ্ধ হয়ে আছি যা আমরা কখনো শোধ করতে পারবো না। দুই দশকেরও বেশি সময় পরে এসে, তাদের সম্মুখীন হওয়া অভিজ্ঞতাগুলো এখনো আমাদেরকে তারা যাতে তাদের প্রাপ্য সহায়তা ও সুবিধাগুলো পেতে পারেন সে বিষয়টি নিশ্চিত করতে কাজ করার জন্য আহবান করছে। আমার তিনটি বিল সাড়াদানকারীদের জন্য 9/11 অক্ষমতা সংক্রান্ত সুবিধাসমূহ পাওয়ার জন্য আবেদন করা এবং ভুক্তভোগীদের ক্ষতিপূরণ তহবিল থেকে সহায়তা পাওয়াকে সহজতর করবে। আজ এসব বিলকে স্বাক্ষর করে আইনে পরিণত করায় গভর্নর হোকলকে ধন্যবাদ, এবং সবসময়ের মতোই, সেসব সাহসী সাড়াদানকারীদেরকে ধন্যবাদ, যারা অনেক বেশি ত্যাগ স্বীকার করেছেন এবং এখনো ত্যাগ স্বীকার করে যাচ্ছেন।"

অ্যাসেম্বলি সদস্য পিটার অ্যাবেট, জুনিয়র বলেন, "এসব বিল প্রণীত হওয়া এই সন্ত্রাসী হামলার ভুক্তভোগী এবং বেঁচে ফিরে আসা ব্যক্তিদের জন্য 11ই সেপ্টেম্বরের ভুক্তভোগীদের ক্ষতিপূরণ তহবিল থেকে অনুদান পাওয়ার প্রক্রিয়া সহজতর করবে। এছাড়াও এটি ওয়ার্ল্ড ট্রেড সেন্টারে উদ্ধার, পুনরুদ্ধার এবং পরিষ্কারকরণ কার্যক্রমে যারা অংশগ্রহণ করেছিলেন সেসব সাহসী পুরুষ ও মহিলা যাতে তাদের এবং তাদের পরিবারের প্রাপ্য সুবিধাগুলো পান সে বিষয়টি নিশ্চিত করতে সাহায্য করবে। এসব বিলে স্বাক্ষর করে আইনে পরিণত করায় আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই। নিয়তির বিধানের সেই দিনটিতে যারা সাহায্যের ডাকে সাড়া

দিয়েছিলেন সেসব ব্যক্তির বীরোচিত প্রচেষ্টার প্রতি সম্মান জানানো, এর স্মৃতিচারণ করা এবং এর প্রতি শ্রদ্ধা নিবেদনের জন্য আমাদেরকে অবশ্যই সম্ভাব্য সকল পদক্ষেপ গ্রহণ করতে হবে। আমরা কখনো ভুলবো না।"

এই আইন (S.6812/A.7426) ভুক্তভোগীদের ক্ষতিপূরণ তহবিলের অনুদান প্রদানের ক্ষেত্রে ওয়ার্ল্ড ট্রেড সেন্টারে সন্ত্রাসী হামলার ঘটনার সব ভুক্তভোগীর কথা সমানভাবে বিবেচনা করা এবং অপ্রয়োজনীয় কোনো বিলম্ব ছাড়াই তাদের দাবিগুলো সমানভাবে বিবেচনায় নেওয়াকে আবশ্যক করেছে, যার ফলে বহু আবেদন জমাদানকারী এবং তাদের পরিবারের জন্য বিলম্বের কারণ হওয়া নির্দিষ্ট কিছু বিধিনিষেধ দূরীভূত হয়েছে। এই বিল 9/11 এর ঘটনায় মৃত্যুবরণকারী ব্যক্তিদের ব্যক্তিগত প্রতিনিধিদেরকে, মৃত ব্যক্তি 9/11 এর ঘটনায় মৃত্যুবরণ করেছেন অথবা 9/11 এর ঘটনায় আঘাতপ্রাপ্ত হয়ে পরবর্তীতে ভিন্ন কোনো কারণে মৃত্যুবরণ করেছেন, যেটিই হোক না কেন তা নির্বিশেষে, দাবিসমূহ জমা দেওয়া ও প্রক্রিয়া করার অনুমতি প্রদান করার মাধ্যমে পরিবার, VCF, এবং সারোগেট আদালতের উপর থেকে প্রশাসনিক কাজের বোঝা কমিয়ে দিয়েছে।

এই আইন (S.9370/A.9922A) ওয়ার্ল্ড ট্রেড সেন্টারে যারা উদ্ধার, পুনরুদ্ধার ও পরিষ্কারকরণ কার্যক্রমে অংশ নিয়েছিলেন তাদের জন্য যেকোনো স্বাস্থ্য সংক্রান্ত ক্ষতি বা মৃত্যুর জন্য কর্মীদের ক্ষতিপূরণের দাবির সুযোগ প্রদান করছে। প্রথম সাড়াদানকারী এবং উদ্ধার ও পুনরুদ্ধার কার্যক্রমে নিয়োজিত কর্মীদের অনেকেই NYS ওয়ার্কার্স কমপেনসেশন বোর্ড (NYS Workers' Compensation Board)-এর কাছে সুবিধাসমূহ পাওয়ার জন্য সময়ানুগ দাবি জানিয়েছিলেন, কিন্তু কোনো কারণ ছাড়াই প্রত্যাখ্যাত হয়েছেন। 9/11 এর ঘটনায় সার্টিফাইড অসুস্থতার কারণে মৃত্যুবরণকারী কর্মীদের অন্যান্য নির্ভরশীল ব্যক্তির জন্য কর্মীদের ক্ষতিপূরণের বেনিফিট পাওয়ার দাবি জমা দেওয়া নিষিদ্ধ করা হয়েছে কারণ CDC-এর "ওয়ার্ল্ড ট্রেড সেন্টার হেলথ প্রোগ্রাম (World Trade Center Health Program)"-এর সার্টিফাইড অসুস্থতা একটি গ্রহণযোগ্য কারণ হিসেবে গৃহীত হওয়ার আগেই সীমাবদ্ধতার আইনটি মেয়াদোত্তীর্ণ হয়ে গিয়েছিল। এই বিল কোনো অসুস্থতায় আক্রান্ত হয়েছিলেন অথবা কোনো সার্টিফাইড অসুস্থতার কারণে মৃত্যুবরণ করেছেন এমন প্রথম সাড়াদানকারী এবং উদ্ধার ও পুনরুদ্ধার কর্মীদেরকে তাদের এবং তাদের পরিবারের প্রাপ্য সুবিধাদি পেতে সাহায্য করছে।

স্টেট সিনেটর রবার্ট জ্যাকসন বলেন, "9/11 এর ঘটনার সময় কর্মরত বহু উদ্ধার ও পুনরুদ্ধার কর্মী ওয়ার্ল্ড ট্রেড সেন্টারে প্রচুর পরিমাণে ধুলোবালির সংস্পর্শে আসার কারণে শ্বাসযন্ত্রের সমস্যাজনিত লক্ষণসমূহ এবং ফুসফুসের রোগে আক্রান্ত হয়েছিলেন। আমাদের গণতন্ত্র এবং আমেরিকানদের সবার জন্য এসব বীর ও তাদের পরিবার যে ত্যাগ স্বীকার করেছেন তার প্রতি সম্মান দেখাতে কর্মীদের ক্ষতিপূরণ আইন পরিবর্তন করা অপরিহার্য। আমি আনন্দিত যে আমেরিকার ইতিহাসে সবচেয়ে মর্মান্তিক একটি দিনের 21তম বার্ষিকী এগিয়ে আসার এই সময়ে, গভর্নর হোকল আমার বিল S9370-কে স্বাক্ষর করে আইনে পরিণত করছেন। আমি তাকে এবং আমার সহকর্মী অ্যাসেম্বলি সদস্য অ্যাবেটোকে (A922-A) তাদের নেতৃত্বের জন্য ধন্যবাদ জানাই।"

এই আইন (S.9294A/A.10416) 11ই সেপ্টেম্বর, 2017 তারিখ থেকে 11ই সেপ্টেম্বর, 2021 তারিখের মধ্যে প্রতিবন্ধী হয়ে যাওয়া অংশগ্রহণকারীদেরকে 11ই সেপ্টেম্বর, 2026 তারিখের মধ্যে ক্ষতিপূরণের দাবি জমা দেওয়ার অনুমতি প্রদান করছে। যদি কোনো অংশগ্রহণকারী এই সময়কালের মধ্যে দাবি জমা দিয়ে থাকেন এবং সেটি প্রত্যাখ্যাত হয়ে থাকে, তাহলে ওয়ার্কার্স কমপেনসেশন বোর্ড সেই আবেদনটি পুনরায় বিবেচনা করবে। এছাড়াও এটি নিউ ইয়র্ক স্টেটের পাবলিক রিটায়ারমেন্ট সিস্টেমে একটি অংশগ্রহণের বিজ্ঞপ্তি জমা দেওয়ার সময়কাল 11ই সেপ্টেম্বর, 2026 তারিখ পর্যন্ত বৃদ্ধি করবে।

অ্যাসেম্বলি সদস্য ইউহ-লাইন নিওউ বলেন, "আমি এটা দেখে গর্বিত যে 21 বছর পরে এসেও নিউ ইয়র্ক স্টেট 9/11 এর ঘটনায় প্রথম সাড়াদানকারীদের সহায়তা করার জন্য পদক্ষেপ গ্রহণ করছে। আমার ডিস্ট্রিক্টে, আমরা এখনো 9/11 এর ঘটনার সাথে সম্পর্কিত অসুস্থতায় আক্রান্ত হওয়া এবং অসুস্থতা নিয়ে বসবাস করা অনেক মানুষ দেখতে পাচ্ছি। বেঁচে ফিরে আসা সব ব্যক্তি যাতে তাদের প্রাপ্য সহায়তা পেতে পারেন সে বিষয়টি নিশ্চিত করা আমাদের কর্তব্য।"

এই আইন (S.8273/A.7057-B) স্টেট হাইওয়ে সিস্টেমের অংশবিশেষকে "পোর্ট অথরিটি পুলিশ অফিসার জেমস ডব্লিউ. কেনেলি মেমোরিয়াল হাইওয়ে" হিসেবে ঘোষণা করছে। জেমস কেনেলি ছিলেন এখন স্বেচ্ছাসেবক দমকল কর্মী এবং ম্যাসাপেক্যুয়ার বাসিন্দা যিনি বিশ বছর বয়সে গ্রাউন্ড জিরোতে অনুসন্ধান, উদ্ধার, ও পুনরুদ্ধার প্রচেষ্টায় সহায়তা করেছিলেন। তিনি 37 বছর বয়সে 9/11-এর ঘটনার সাথে সম্পর্কিত ক্যান্সারে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেন। এই হাইওয়েকে তার নামে নামকরণ করার মধ্য দিয়ে তার ত্যাগের প্রতি সম্মান জানানো হবে।

স্টেট সিনেটর জন ই. ব্রুকস বলেন, "জেমস কেনেলি ম্যাসাপেক্যুয়ার ইস্ট এন্ড ফায়ার হাউসে (East End Fire House) একজন স্বেচ্ছাসেবক দমকল কর্মী হিসেবে দায়িত্ব পালন করেছেন। যখন তার বয়স মাত্র 20 বছর, সে সময়ে তিনি 9/11-তে গ্রাউন্ড জিরোতে অনুসন্ধান, উদ্ধার ও পুনরুদ্ধার প্রচেষ্টায় সহায়তা করার বীরোচিত সিদ্ধান্ত গ্রহণ করেছিলেন। যারা জেমসকে চেনেন তাদের জন্য এটা আশ্চর্যজনক কোনো ব্যাপার ছিল না, কারণ তিনি সবসময় বিপদে পড়া লোকজনকে সাহায্য করতে এগিয়ে আসতেন। দুর্ভাগ্যবশত, জেমস 9/11-এর ঘটনার সাথে সম্পর্কিত ক্যান্সারে আক্রান্ত হয়ে 37 বছরের যুবক বয়সে মৃত্যুবরণ করেন, এবং পিছনে রেখে যান তার পরিবার, বন্ধুবান্ধব ও কমিউনিটিকে যা তারপর থেকে আর আগের মতো থাকেনি। তার সংক্ষিপ্ত, কিন্তু প্রভাবপূর্ণ জীবনে জেমস যে বীরত্ব দেখিয়ে গেছেন তার স্বীকৃতি দেয়া আমাদের কর্তব্য, এবং এত গুরুত্বপূর্ণ একটি উপলক্ষে এই বিলটিতে স্বাক্ষর করে এটিকে আইনে পরিণত করায় আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই।"

অ্যাসেম্বলি সদস্য মাইকেল ডুর্সো বলেন, "পোর্ট অথরিটি অফিসার জেমস কেনেলি ছিলেন একজন চমৎকার মানুষ, জনগণের সেবক, বন্ধু, এবং সর্বোপরি একজন নিবেদিত পিতা ও স্বামী। তার সেবাদান এবং আমাদের কমিউনিটিগুলোর জন্য তার ত্যাগের প্রতি সম্মান জানিয়ে ম্যাসাপেক্যুয়াতে এই ওল্ড সানরাইজ হাইওয়ের নামকরণ করা একটি যথার্থ পদক্ষেপ। আমার বিলটিতে স্বাক্ষর করে এটিকে আইনে পরিণত করায় আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই এবং আশা করি যে এই সড়ককে তার নামে উৎসর্গ করাটা ভবিষ্যত প্রজন্মগুলোর জন্য তার স্মৃতিকে বাঁচিয়ে রাখতে সাহায্য করবে।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418